পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮, ৯ ও ১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

নং-পসব্য/প্রকা/প্রশা-১৩৮/২০২৪-২৫/২৯৫১ তারিখ: ১৫/০৫/২০২৫

সকল কর্মকর্তা-কর্মচারী
পল্লী সঞ্চয় ব্যাংক

**বিষয়ঃ "পল্লী সঞ্চয় ব্যাংক যাতায়াত ভাতা নীতিমালা-২০২৫" জারিকরণ প্রসঙ্গে।**

পল্লী সঞ্চয় ব্যাংক দেশের প্রায় প্রতিটি গ্রামে অনূর্ধ্ব ৬০ জন সদস্যের সমন্বয়ে গঠিত সমিতিতে উঠান বৈঠক এর মাধ্যমে ব্যাংকিং পরিসেবা প্রদান করে। বর্তমানে প্রতিটি ইউনিয়নে ২০ থেকে ২৫ টি সমিতি বিদ্যমান রয়েছে। নিয়মিত উঠান বৈঠক কার্যক্রম পরিচালনা এবং মনিটরিং করার লক্ষ্যে উক্ত সমিতিসমূহে নিয়মিত ভ্রমণ করা হয়ে থাকে। এ সকল কার্যক্রম পরিচালনা করার জন্য যাতায়াত বাবদ খরচ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। এই বর্ধিত খরচ ব্যাংকের বিদ্যমান জ্বালানি খরচ থেকে বেশি হওয়ায় যাতায়াত ভাতা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন। এরই ধারাবাহিকতায় ব্যাংকের পরিচালনা বোর্ডের ৩০/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৩২তম সভায় যাতায়াত ভাতা সংক্রান্ত নীতিমালা অনুমোদন করা হয়। নীতিমালাটি **"পল্লী সঞ্চয় ব্যাংক যাতায়াত ভাতা নীতিমালা-২০২৫"** নামে অভিহিত হবে।

এ প্রেক্ষিতে সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **"পল্লী সঞ্চয় ব্যাংক যাতায়াত ভাতা নীতিমালা-২০২৫"** এতদ্বারা জারি করা হলো।

অনুমোদনক্রমে,

15/5/25
**(এ. বি. এম জাহিদ হোসেন)**
মহাব্যবস্থাপক(প্রশাসন)

নং-পসব্য/প্রকা/প্রশা-১৩৮/২০২৪-২৫/২৯৫১ তারিখ: ১৫/০৫/২০২৫

সংযুক্তি:
০১. পল্লী সঞ্চয় ব্যাংক যাতায়াত ভাতা নীতিমালা-২০২৫।
০২. দুর্গম ইউনিয়নের তালিকা।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে
১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, আইসিটি অপারেশন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস নথি/মহানথি।

15.05.2025
মোঃ এনামুল হক
(সিনিয়র প্রিন্সিপাল অফিসার)

**পল্লী সঞ্চয় ব্যাংক**

প্রধান কার্যালয়

**কর্মী ব্যবস্থাপনা বিভাগ**

স্মারক নং-পসব্য/প্রকা/প্রশা-১৩৮/২০২৪ -২০২৫/ তারিখ: ১৫/০৫/২০২৫ খ্রি:

# পল্লী সঞ্চয় ব্যাংক যাতায়াত ভাতা নীতিমালা-২০২৫

পল্লী সঞ্চয় ব্যাংক দেশের প্রায় প্রতিটি গ্রামে অনূর্ধ্ব ৬০ জন সদস্যের সমন্বয়ে গঠিত সমিতিতে উঠান বৈঠক এর মাধ্যমে ব্যাংকিং পরিসেবা প্রদান করে। বর্তমানে প্রতিটি ইউনিয়নে ২০ থেকে ২৫ টি সমিতি বিদ্যমান রয়েছে। ব্যাংকে কর্মরত মাঠ সহকারীগণ (গ্রেড-১৪) উঠান বৈঠক কার্যক্রম পরিচালনা করেন এবং জুনিয়র অফিসার (মাঠ) উক্ত কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যে সমিতিসমূহে নিয়মিত ভ্রমণ করে থাকেন। অধিকন্তু শাখার শাখা ব্যবস্থাপক নিয়মিত উঠান বৈঠক কার্যক্রম তদারকি ও সার্বিক সহায়তা প্রদান করেন। উঠান বৈঠকে মাঠ সহকারীসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সমিতির সদস্যদেরকে নিয়মিত সঞ্চয় জমাকরণ ও গৃহীত ঋণের অর্থ পরিশোধে উৎসাহিত করেন এবং উল্লিখিত সঞ্চয় ও ঋণের টাকা উক্ত উঠান বৈঠকের মাধ্যমে সংগ্রহ করে শাখা কার্যালয়ে জমা নিশ্চিত করেন। কোনো সদস্য উঠান বৈঠকে অংশগ্রহণ না করলে উক্ত সদস্যের বাড়িতে গিয়ে উঠান বৈঠকে অংশগ্রহণসহ সঞ্চয় ও ঋণের টাকা জমাদানে উদ্বুদ্ধ করা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর অন্যতম দায়িত্ব। এছাড়া জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও জেলার অন্যান্য অফিসারগণকে শাখার কার্যক্রম মনিটরিং করার নিমিত্ত শাখা কার্যালয়ে ভ্রমণ ও এতৎসঙ্গে শাখা ও জেলার আওতাধীন বিভিন্ন সমিতিতে উঠান বৈঠকে অংশগ্রহণ ও সংশ্লিষ্ট সমিতির দায়িত্বপ্রাপ্ত মাঠ সহকারীকে মনিটরিং করতে হয় । এতে তাদের যাতায়াত বাবদ খরচ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পায়। এরই প্রেক্ষিতে যাতায়াত ভাতা সংক্রান্ত একটি নীতিমালা জারি করা প্রয়োজন। পরিচালনা বোর্ডের ৩০/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৩২তম সভায় "পল্লী সঞ্চয় ব্যাংক যাতায়াত ভাতা নীতিমালা-২০২৫" নামে একটি যাতায়াত ভাতা নীতিমালা অনুমোদন প্রদান করা হয়। অনুমোদিত নীতিমালাটি নিম্নরূপঃ

১) **শিরোনাম:** এ নীতিমালা **"পল্লী সঞ্চয় ব্যাংক যাতায়াত ভাতা নীতিমালা-২০২৫"** নামে অভিহিত হবে।

২) **পল্লী সঞ্চয় ব্যাংকে জেলা (আঞ্চলিক) কার্যালয় এবং শাখাসমূহের শ্রেণিবিন্যাস হবে নিম্নরূপ:**
যাতায়াত ভাতা বরাদ্দের ক্ষেত্রে ইকুইটেবিলিটি বা সাম্যতার নীতি প্রয়োগ করার নিমিত্ত জেলা (আঞ্চলিক) কার্যালয় সমূহকে উপজেলার সংখ্যার ভিত্তিতে ও শাখা কার্যালয় সমূহকে ইউনিয়ন সংখ্যার ভিত্তিতে নিম্নরূপ শ্রেণিবিন্যাস করা হলো:

| জেলা কার্যালয়ের শ্রেণিবিন্যাস | | |
|---|---|---|
| **গ্রেড** | **শাখার সংখ্যা** | **জেলার সংখ্যা** |
| গ্রেড-এ | ১৩ থেকে ১৬ | ৬ |
| গ্রেড-বি | ৯ থেকে ১২ | ১৭ |
| গ্রেড-সি | ৬ থেকে ৮ | ২৩ |
| গ্রেড-ডি | ৩ থেকে ৫ | ১৮ |
| **মোট জেলা** | | **৬৪** |

| শাখা কার্যালয়ের শ্রেণিবিন্যাস | | |
|---|---|---|
| **শাখার গ্রেড** | **ইউনিয়ন সংখ্যা** | **শাখার সংখ্যা** |
| গ্রেড-এ | ২০ থেকে ২৪ | ৬ |
| গ্রেড-বি | ১৫ থেকে ১৯ | ৩৩ |
| গ্রেড-সি | ১১ থেকে ১৪ | ১২৪ |
| গ্রেড-ডি | ৭ থেকে ১০ | ২১১ |
| গ্রেড-ই | ৩ থেকে ৬ | ১১৬ |
| **মোট শাখা** | | **৪৯০** |

৩) **জেলা (আঞ্চলিক) কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের যাতায়াত ভাতাঃ**
অনুচ্ছেদ ০২ অনুসারে শ্রেণিবিন্যাসকৃত জেলা (আঞ্চলিক) কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের যাতায়ত ভাতা হবে নিম্নরূপ:

| গ্রেড | জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | | | সিনিয়র অফিসার/ অফিসার (জেনারেল) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যতিত | | জুনিয়র অফিসার (মাঠ) | |
|---|---|---|---|---|---|---|---|
| | বর্তমানে প্রাপ্ত (জ্বালানি খরচ) (প্রতি মাসে) | বর্তমানে প্রাপ্ত (যাতায়াত ভাতা) (প্রতি মাসে) | প্রস্তাবিত (যাতায়াত ভাতা) (প্রতি মাসে) | বর্তমানে প্রাপ্ত (প্রতি মাসে) | প্রস্তাবিত (প্রতি মাসে) | বর্তমানে প্রাপ্ত (প্রতি মাসে) | প্রস্তাবিত (প্রতি মাসে) |
| গ্রেড-এ | ১২০০ | শূন্য | ২৪০০ | শূন্য | ৬০০ | শূন্য | ৫০০ |
| গ্রেড-বি | ১২০০ | শূন্য | ২১০০ | শূন্য | ৬০০ | শূন্য | ৫০০ |
| গ্রেড-সি | ১২০০ | শূন্য | ১৮০০ | শূন্য | ৬০০ | শূন্য | ৫০০ |
| গ্রেড-ডি | ১২০০ | শূন্য | ১৫০০ | শূন্য | ৬০০ | শূন্য | ৫০০ |

চলমান পাতা-০২

৪) শাখা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের যাতায়াত ভাতাঃ

৪.১ অনুচ্ছেদ ০২ অনুসারে শ্রেণিবিন্যাসকৃত শাখা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের যাতায়ত ভাতা হবে নিম্নরূপ:

| শাখার গ্রেড | শাখা ব্যবস্থাপক | | | দ্বিতীয় কর্মকর্তা (সাধারণ)/ জুনিয়র অফিসার (মাঠ) | | মাঠ সহকারী | |
|---|---|---|---|---|---|---|---|
| | বর্তমানে প্রাপ্ত (জ্বালানি খরচ) (প্রতি মাসে) | বর্তমানে প্রাপ্ত (যাতায়াত ভাতা) (প্রতি মাসে) | প্রস্তাবিত (যাতায়াত ভাতা) (প্রতি মাসে) | বর্তমানে প্রাপ্ত (প্রতি মাসে) | প্রস্তাবিত (প্রতি মাসে) | বর্তমানে প্রাপ্ত (প্রতি মাসে) | প্রস্তাবিত (প্রতি মাসে) |
| গ্রেড-এ | ১৫০০ | শূন্য | ২২০০ | ৪০০ | ৮০০ | ৪০০ | ১০০০ |
| গ্রেড-বি | ১৫০০ | শূন্য | ২০০০ | ৪০০ | ৭৫০ | ৪০০ | ১০০০ |
| গ্রেড-সি | ১৫০০ | শূন্য | ১৮০০ | ৪০০ | ৭০০ | ৪০০ | ১০০০ |
| গ্রেড-ডি | *১৩০০ | শূন্য | ১৬০০ | ৪০০ | ৬৫০ | ৪০০ | ১০০০ |
| গ্রেড-ই | *১২০০ | শূন্য | ১৪০০ | ৪০০ | ৬০০ | ৪০০ | ১০০০ |

* ৬ ইউনিয়ন বিশিষ্ট শাখার সংখ্যা ৫০টি; ৩ থেকে ৫ ইউনিয়ন বিশিষ্ট শাখার সংখ্যা ৬৬টি।

৪.২ শাখার এসএনডি হিসাব সংরক্ষণকারী স্থানীয় ব্যাংকে নগদ টাকা জমা ও ব্যাংক হতে নগদ উত্তোলনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে প্রদত্ত মাসিক যাতায়াত খরচ =১,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে =১,২০০/- টাকায় নির্ধারণ করা হলো।

৪.৩ শাখায় "ক্যাশ মুভমেন্ট রেজিস্ট্রার" সংরক্ষণ ও পরিপালন করতে হবে। শাখার এসএনডি হিসাব সংরক্ষণকারী স্থানীয় ব্যাংক থেকে নগদ টাকা উত্তোলন ও ব্যাংকে জমাদানের ক্ষেত্রে নগদের পরিপূর্ণ বিবরণ লিপিবদ্ধপূর্বক ক্যাশ সহকারী/কম্পিউটার অপারেটর সংশ্লিষ্ট রেজিস্টারে স্বাক্ষর করবেন এবং শাখা ব্যবস্থাপক যাচাই করে প্রতিস্বাক্ষর করবেন।

৪.৪ দুর্গম ও দূরবর্তী ইউনিয়নে দায়িত্ব পালনকারী মাঠ সহকারীগণ প্রস্তাবিত যাতায়াত ভাতার অতিরিক্ত সর্বোচ্চ মাসিক =২০০/- টাকা হারে প্রাপ্য হবেন (দুর্গম ইউনিয়নের তালিকা সংযুক্ত) । তবে অতিরিক্ত সর্বোচ্চ মাসিক =২০০/- টাকা প্রাপ্য হওয়ার জন্য প্রত্যেক মাঠ সহকারীর ন্যূনতম ঋণ আদায় (টাকা ২ লক্ষ) হতে হবে।

৫) <u>নির্দেশনা ও শর্তাবলী:</u>

৫.১ উক্ত নীতিমালা কার্যকরী হওয়ার তারিখ হতে বিদ্যমান সকল জ্বালানি খরচ বরাদ্দ বাতিল করা হলো।

৫.২ মাঠ সহকারীগণ নতুন প্রস্তাবিত যাতায়াত ভাতা মাসিক টাকা ১০০০/- (টাকা এক হাজার) প্রাপ্য হওয়ার জন্য তাদের ন্যূনতম ঋণ আদায় প্রতি মাসে টাকা ৩,০০,০০০/- (টাকা তিন লক্ষ) বা তার বেশি হতে হবে।

৫.৩ মাঠ সহকারীদের ঋণ আদায় প্রতি মাসে টাকা ৩,০০,০০০/- (টাকা তিন লক্ষ)-এর কম হলে তারা পূর্বে প্রাপ্ত মাসিক টাকা ৪০০/- (টাকা চারশত) হারেই যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

৫.৪ মাঠ সহকারীদের ঋণ আদায় প্রতি মাসে টাকা ৭,০০,০০০/- (টাকা সাত লক্ষ)-এর বেশি হলে টাকা ৭,০০,০০০/- (টাকা সাত লক্ষ) তদূর্ধ্ব প্রতি পূর্ণ লক্ষ টাকায় টাকা ১৫০/- (টাকা একশত পঞ্চাশ) হারে অতিরিক্ত ভাতা প্রাপ্য হবেন। পূর্ণ লক্ষ টাকার অতিরিক্ত পরিমাণের জন্য কোনো ভাতা প্রাপ্য হবেন না।

উদাহরণস্বরূপ যেমন মাঠ সহকারী জনাব "ক" জানুয়ারি মাসে টাকা ৭,২০,০০/- (টাকা সাত লক্ষ বিশ হাজার) ঋণ আদায় করেন তাহলে মাঠ সহকারী জনাব "ক" জানুয়ারি মাসে টাকা ১০০০/- (টাকা এক হাজার) যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। কিন্তু মার্চ মাসে যদি তিনি টাকা ১০,৮০,০০০/- (টাকা দশ লক্ষ আশি হাজার) ঋণ আদায় করেন তাহলে তিনি মোট টাকা ১,৪৫০/- (টাকা এক হাজার চারশত পঞ্চাশ) [টাকা ৭ লক্ষের জন্য ১০০০/- + পরবর্তী টাকা ৩ লক্ষ ৮০ হাজারের জন্য ১৫০*৩=৪৫০/- টাকা] যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। এখানে ২০ হাজার টাকা বা ৮০ হাজার টাকার জন্য কোন ভাতা প্রাপ্য হবেন না।

৫.৫ শাখা ব্যবস্থাপক ও শাখায় কর্মরত জুনিয়র অফিসার (মাঠ)-গণ নতুন প্রস্তাবিত যাতায়াত ভাতা প্রাপ্য হওয়ার জন্য সংশ্লিষ্ট শাখার সর্বমোট ঋণ আদায় শাখায় কর্মরত মাঠ সহকারীদের সংখ্যা X (গুণ) প্রত্যেক মাঠ সহকারীর ন্যূনতম আদায় (টাকা ৩ লক্ষ)-এর গুনফলের সমান বা তার বেশি হতে হবে। অন্যথায় শাখা ব্যবস্থাপক পূর্বের জ্বালানি ভাতার সমপরিমাণ (গ্রেড এ থেকে সি পর্যন্ত ১৫০০/-, গ্রেড-ডি ১৩০০/- এবং গ্রেড-ই ১২০০/-* টাকা) যাতায়াত ভাতা প্রাপ্য হবেন এবং জুনিয়র অফিসার (মাঠ) পূর্বের যাতায়াত ভাতা ৪০০/- টাকা প্রাপ্য হবেন।

চলমান পাতা-০৩

Haq

উদাহরণস্বরূপ যদি শাখা “ক” তে ১০ জন মাঠ সহকারী কর্মরত থাকেন তাহলে সংশ্লিষ্ট শাখার জানুয়ারি মাসের সর্বমোট ঋণ আদায় যদি ১০ X ৩ লক্ষ= টাকা ৩০ লক্ষ এর কম হয় তাহলে শাখা “ক” এর শাখা ব্যবস্থাপক ও জুনিয়র অফিসার (মাঠ) জানুয়ারি মাসে নতুন প্রস্তাবিত যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না। সেক্ষেত্রে শাখা ব্যবস্থাপক পূর্বের জ্বালানি ভাতার সমপরিমাণ (গ্রেড এ থেকে সি পর্যন্ত ১৫০০/-, গ্রেড-ডি ১৩০০/- এবং গ্রেড-ই ১২০০/-* টাকা) যাতায়াত ভাতা প্রাপ্য হবেন এবং জুনিয়র অফিসার (মাঠ) পূর্বের যাতায়াত ভাতা ৪০০/- টাকা প্রাপ্য হবেন।

৫.৬ জেলা আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নতুন প্রস্তাবিত যাতায়াত ভাতা প্রাপ্য হওয়ার জন্য সংশ্লিষ্ট জেলার সর্বমোট ঋণ আদায় জেলার আওতাধীন সকল শাখায় কর্মরত মাঠ সহকারীদের সংখ্যা X (গুণ) প্রত্যেক মাঠ সহকারীর ন্যূনতম আদায় (টাকা ৩ লক্ষ)-এর গুনফলের সমান বা তার বেশি হতে হবে। অন্যথায় তিনি পূর্বের জ্বালানি ভাতার সমপরিমাণ ১২০০/- টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

উদাহরণস্বরূপ যদি জেলা “ক” এর অধীনে মোট ৩০ জন মাঠ সহকারী কর্মরত থাকেন তাহলে সংশ্লিষ্ট জেলার জানুয়ারি মাসের সর্বমোট ঋণ আদায় যদি ৩০ X ৩ লক্ষ= টাকা ৯০ লক্ষ এর কম হয় তাহলে জেলা “ক” এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পূর্বের জ্বালানি ভাতার সমপরিমাণ ১২০০/- টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

৫.৭ কোন কর্মকর্তা-কর্মচারী পূর্ণমাস ছুটিতে (অসুস্থতাজনিত, মাতৃত্বকালীন ইত্যাদি) থাকলে সেই মাসের জন্য উক্ত কর্মকর্তা-কর্মচারী কোন যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

৫.৮ যাতায়াত ভাতার প্রাপ্যতার জন্য জেলা (দায়িত্বপ্রাপ্ত) কর্মকর্তা এবং শাখা ব্যবস্থাপক, সিনিয়র অফিসার, অফিসার (সাধারণ), ২য় কর্মকর্তা (সাধারণ) ও জুনিয়র অফিসার (মাঠ)-গণকে মাসে সর্বনিম্ন ৮দিন এবং মাঠ সহকারীগণকে প্রতি কর্মদিবসে মাঠ পরিদর্শন করতে হবে। মাঠ পরিদর্শনের বিবরণী মাসিক ভিত্তিতে (ছবিসহ) সংশ্লিষ্ট মনিটরিং কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে, একপ্রস্থ শাখার নথিতে এবং একপ্রস্থ জেলা (আঞ্চলিক) কার্যালয়ের নথিতে সংরক্ষণ করতে হবে।

৫.৪ সাময়িক বরখাস্ত বা শাস্তিস্বরূপ কোন শাখা বা কার্যালয়ে সংযুক্ত কোন কর্মকর্তা কর্মচারী যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

৫.৫ এই নীতিমালার আওতায় যাতায়াত ভাতা বেতনের অংশ হিসেবে বিবেচিত হবে না।

৫.৬ এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে,

(সালমা বানু) ২৫/০৫/২০২৫
ব্যবস্থাপনা পরিচালক